

## অনুমোদিত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

বাংলাদেশ ব্যাংক এর অনুমোদিত বাণিজ্যিক ব্যাংক কোনগুলি?

বাংলাদেশ ব্যাংক এর অনুমোদিত বা তফসিলি ব্যাংক এর নাম ও এজেন্ট ব্যাংকিং সম্পর্কে বাংলাদেশ ব্যাংক এর অফিসিয়াল ওয়েবসাইট ([www.bb.org.bd](http://www.bb.org.bd)) হতে তালিকা সংগ্রহ করা যাবে।

ব্যাংক ছাড়া আর কোন কোন প্রতিষ্ঠানের নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ ব্যাংক?

তফসিলি ব্যাংক ছাড়াও দেশে কার্যরত সকল অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের (Non-Bank Financial Institutions) নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ ব্যাংক।

আর্থিক প্রতিষ্ঠান কি?

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ অনুযায়ী ‘আর্থিক প্রতিষ্ঠান’ বলতে বাংলাদেশ ব্যাংক হতে লাইসেন্স প্রাপ্ত আর্থিক প্রতিষ্ঠানকে বুঝায়। বাংলাদেশ ব্যাংক এর আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ আর্থিক প্রতিষ্ঠানসমূহের লাইসেন্স প্রদান, নিয়ন্ত্রণ, তদারকি এবং তদসংক্রান্ত প্রবিধান প্রণয়ন সংক্রান্ত কার্যাবলী সম্পাদন করে থাকে এবং প্রয়োজনে আর্থিক প্রতিষ্ঠানের লাইসেন্স বাতিল করতে পারে।

বাংলাদেশ ব্যাংক অনুমোদিত আর্থিক প্রতিষ্ঠান কোনগুলি?

বাংলাদেশ ব্যাংক অনুমোদিত ৩৫ টি অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান আছে। বাংলাদেশ ব্যাংক এর অফিসিয়াল ওয়েবসাইট ([www.bb.org.bd](http://www.bb.org.bd)) হতে অনুমোদিত আর্থিক প্রতিষ্ঠানসমূহের তালিকা জানা যাবে।

সাধারণত মার্চেন্ট ব্যাংক, বিনিয়োগ কোম্পানী, মিউচুয়াল এসোসিয়েশন, মিউচুয়াল কোম্পানি, লিজিং কোম্পানি এবং বিল্ডিং সোসাইটিসমূহ আর্থিক প্রতিষ্ঠান হিসেবে অভিহিত হয়ে থাকে।

আর্থিক প্রতিষ্ঠান ও ব্যাংক এর কার্যক্রমের পার্থক্য কি?

আর্থিক প্রতিষ্ঠান গুলো ব্যাংকের ন্যায় নিম্নবর্ণিত কার্যক্রম করতে পারবে না:

- ✓ চেকিং একাউন্ট পরিচালনা করতে পারবে না;
- ✓ চলতি হিসাব পরিচালনা করতে পারবে না;
- ✓ এমন কোন আমানত গ্রহণ করতে পারে না যা চেক, ড্রাফট অথবা আমানতকারীর আদেশের মাধ্যমে চাহিবামাত্র পরিশোধযোগ্য;
- ✓ স্বর্ণ অথবা কোন বৈদেশিক মুদ্রার লেনদেন করতে পারবে না।

এসব আর্থিক প্রতিষ্ঠান হতে কি ধরনের আর্থিক সেবা পাওয়া যাবে?

- ✓ মেয়াদি আমানত হিসাব যেমন ডিপোজিট বা এফডিআর;
- ✓ শিল্প, বাণিজ্য, কৃষি বা গৃহায়ণের জন্য ঋণ বা আগাম গ্রহণ;
- ✓ ক্রেডিট কার্ড;
- ✓ সরকার বা কোন সংবিধিবদ্ধ সংস্থা কর্তৃক ইস্যুকৃত শেয়ার স্টক, বন্ড, ডিবেঞ্চর বা ডিবেঞ্চর স্টক বা সিকিউরিটিজ বা বাজারজাতকরণে উপযোগী অন্যান্য সিকিউরিটিজের দায় গ্রহণ, অধিগ্রহণ, বিনিয়োগ বা পুনর্গবিনিয়োগ সংক্রান্ত পরিশেবা;
- ✓ প্রচেষ্টা মূলধনে বিনিয়োগ এবং যন্ত্রপাতি ও সরঞ্জাম ইজারাসহ কিস্তিবন্দী লেনদেনের ব্যবসা সুবিধা।

বাংলাদেশে কার্যরত ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠানের নিয়ন্ত্রক সংস্থা কোনটি?

✓ মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (MRA) হলো বাংলাদেশে কার্যরত ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠানসমূহের নিয়ন্ত্রক সংস্থা।

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোন্ প্রতিষ্ঠান হতে আর্থিক সেবা গ্রহণ করা নিরাপদ?

✓ মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (MRA) অনুমোদিত ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠান হতেও আর্থিক সেবা গ্রহণ করা অপেক্ষাকৃত নিরাপদ। তবে এসব ক্ষুদ্র ঋণ প্রদানকারী প্রতিষ্ঠান ব্যাংক এর ন্যায় বড় পরিসরে আর্থিক সেবা প্রদানে সক্ষম নয়। এছাড়া, একটি ব্যাংক হিসাব খুলে যত ধরণের আর্থিক সেবা গ্রহণ করা সম্ভব তা ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠান হতে পাওয়া সম্ভব নয়।